

যদিও মানছি দূরত্ব
তবুও আছি সংযুক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)



তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭

www.sheikhrusseldigitallab.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.২০.০৮৩.২১.১৫৪

তারিখ: ২০ মাঘ ১৪২৮

০৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা বিভাগের অন্তর্গত ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” প্রকল্পের আওতায় সারাদেশে নির্বাচিত ৫০০০ টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের জন্য ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য ভ্যাট/ট্যাক্স সহ মোট ৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার) টাকা প্রদানের সংস্থান রয়েছে।

২। চলতি ২০২১-২২ অর্থবছরের ৪১১২৩১৪ অর্থনৈতিক কোড হতে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য আসবাবপত্র ব্যয়খাত হতে ঢাকা বিভাগের অন্তর্গত ঢাকা (উত্তর ও দক্ষিণ) জেলার সিটি কর্পোরেশনের ১৫৩ টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ৬৫,০০০ (পঁয়ষট্টি হাজার) টাকা (ভ্যাট/ট্যাক্স সহ) হারে $১৫৩ \times ৬৫০০০ = ৯৯,৪৫,০০০/-$ (নিরানব্বই লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয়ের মঞ্জুরি/অথরিটি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের বিপরীতে প্রদান করা হয়েছে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে।

শর্তাবলী:

- ১। অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Rules-2008 সহ যাবতীয় আর্থিক বিধি-বিধান Financial Propriety যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ২। বিল ভাউচার দিয়ে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগ/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কার্যালয়ে ৩০/০৫/২০২২ তারিখের মধ্যে অর্থ উত্তোলন করতে হবে।
- ৩। কার্য সমাপ্তি শেষে অব্যয়িত অর্থ (যদি থাকে) বিধি মোতাবেক সমর্পণ করতে হবে এবং সংযুক্ত ছক মোতাবেক কাজ সমাপ্তি ও ব্যয়ের প্রত্যয়ন সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক আবশ্যিকভাবে প্রকল্প পরিচালকের কার্যালয়ে ১০/০৬/২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

(ক) ঢাকা সিটি কর্পোরেশনের জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা,

(খ) নমুনা প্রত্যয়ন পত্র,

(গ) বরাদ্দকৃত অর্থের বিভাজন

R.Mahab

৩-২-২০২২

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.২০.০৮৩.২১.১৫৪/১(১০)

তারিখ: ২০ মাঘ ১৪২৮

০৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২) উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)
- ৩) উপ প্রকল্প পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
- ৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা
- ৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা ১০০০।
- ৯) জেলা শিক্ষা কর্মকর্তা, ঢাকা
- ১০) প্রধান শিক্ষক, নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা সিটি কর্পোরেশন

R.Mahedi

৩-২-২০২২

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)